

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd



বিজ্ঞপ্তি নং- ০৬ জে

বিজ্ঞপ্তি

তারিখঃ ১৭ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ
০১ জুলাই ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ অধস্তন দেওয়ানী আদালতে মোকদ্দমা ও আপীল দায়ের সম্পর্কিত প্র্যাকটিস নির্দেশনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি বাংলাদেশ সুপ্রীম কোর্টের জ্যেষ্ঠ বিচারপতিগণের সাথে আলোচনাক্রমে এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেন যে, স্বাস্থ্যসেবা বিভাগ কর্তৃক জারিকৃত স্বাস্থ্যবিধি এবং শারীরিক ও সামাজিক দূরত্ব কঠোরভাবে অনুসরণ করে অধস্তন দেওয়ানী আদালতের সংশ্লিষ্ট সেরেন্টায় মোকদ্দমা ও আপীল দায়ের করা যাবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট দেওয়ানী আদালতসমূহ স্ব স্ব সেরেন্টায় শারীরিক ও সামাজিক দূরত্ব বজায় নিশ্চিত করার জন্য মোকদ্দমা ও আপীল দায়ের/গ্রহণের প্রয়োজনীয় পদ্ধতি নির্ধারণ করবেন। দেওয়ানী মোকদ্দমা ও আপীল গ্রহণ করে সংশ্লিষ্ট আদালত দেওয়ানী কার্যবিধি অনুসরণ করতঃ সমন জারি করবেন।

২। বাংলাদেশ সুপ্রীম কোর্টের ১৫ জুন ২০২০ খ্রি ২৪৮এ নং বিজ্ঞপ্তিমূলে প্রচারিত নির্দেশনার ধারাবাহিকতায় অধস্তন দেওয়ানী ও ফৌজদারী আদালত এবং ট্রাইব্যুনালসমূহ অতীব জরুরী বিষয়সমূহ শারীরিক উপস্থিতি ব্যতিরেকে তথ্য-প্রযুক্তি ব্যবহার করে ভার্চুয়াল শুনানির মাধ্যমে নিষ্পত্তি করবেন।

৩। এখানে উল্লেখ্য যে, প্রাদুর্ভূত মহামারী করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণ রোধকল্পে তথ্য বিজ্ঞ বিচারক ও বিজ্ঞ আইনজীবীবৃন্দ সহ অন্যান্য সকলের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করার জন্য বর্তমানে তথ্য-প্রযুক্তি ব্যবহার করে ভার্চুয়াল শুনানির মাধ্যমে পরিচালিত আদালতের কার্যক্রম একটি সাময়িক ব্যবস্থা মাত্র। পরিস্থিতির উন্নতি হওয়া মাঝেই পূর্ব প্রচলিত পদ্ধতি অনুসরণ করতঃ বিচার কার্যক্রম পরিচালনা সংক্রান্ত নির্দেশনা প্রদান করা হবে।

৪। বিদ্যমান পরিস্থিতি বিবেচনায় তথ্য-প্রযুক্তি ব্যবহার করে ভার্চুয়াল শুনানির মাধ্যমে পরিচালিত আদালতের কার্যক্রম সাময়িক ব্যবস্থা হিসেবে গণ্য করে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।

৫। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে

স্বাক্ষরিত

০১/০৭/২০২০

(মোঃ আলী আকবর)

রেজিস্ট্রার জেনারেল

ফোনঃ ৯৫৬২৭৮৫

ই-মেইল: rg@supremecourt.gov.bd

স্মারক নং- ৩০৮৩

এ,

তারিখঃ ১৭ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ
০১ জুলাই ২০২০ খ্রিস্টাব্দ

কার্যাবর্তী ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১. অ্যাটর্নি জেনারেল, বাংলাদেশ, ঢাকা
২. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা
৩. জেলা জাজ/মহানগর দায়রা জাজ, (সকল) (অধীনস্ত বিচার বিভাগীয় কর্মকর্তাদের অবগত করার অনুরোধ করা হলো।)
৪. বিভাগীয় প্রেশাল জাজ/প্রেশাল জাজ, (সকল)
৫. চেয়ারম্যান/সদস্য, প্রশাসনিক অ্যাপিলেট ট্রাইব্যুনাল / শ্রম আপীল আদালত/ প্রশাসনিক ট্রাইব্যুনাল/শ্রম আদালত.....(সকল)
৬. চেয়ারম্যান/সদস্য, কোর্ট অব সেটেলমেন্ট/নিয়ন্ত্রণ মজুরী বোর্ড/ কাস্টমস, একাইজ ও ভ্যাট অ্যাপিলেট ট্রাইব্যুনাল(সকল)
৭. বিচারক, নারী ও শিশু নির্ধারিত দমন ট্রাইব্যুনাল/ জননিরাপত্তা বিষয়কারী অপরাধ দমন ট্রাইব্যুনাল/ দ্রুত বিচার ট্রাইব্যুনাল,(সকল)
৮. বিচারক, পরিবেশ আপীল আদালত/সাইবার ট্রাইব্যুনাল/ মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল/সজ্ঞাস বিবেচনী বিশেষ ট্রাইব্যুনাল.....(সকল)
৯. বিচারক, প্রেশাল ট্রাইব্যুনাল, বাংলাদেশ সিকিউরিটি অ্যান্ড এক্সচেঞ্চ কমিশন, ঢাকা
১০. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, (সকল) (অধীনস্ত বিচার বিভাগীয় কর্মকর্তাদের অবগত করার অনুরোধ করা হলো।)
১১. সভাপতি/সেক্রেটারী, জেলা আইনজীবী সমিতি, (সকল)
১২. প্রধান বিচারপতির সচিব/ একান্ত সচিব বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা
১৩. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ।)
১৪. নোটিশ বোর্ড।

মোঃ মিজানুর রহমান
সহকারী রেজিস্ট্রার (বিচার)

02/09/2020